মুজিবনগরে বৃদ্ধের আত্ম*হত্যা

মুজিবনগরে আম গাছের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে জাহান আলী (৬৫) নামে এক বৃদ্ধ।

জাহান আলী মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের মৃত সেধু মালের ছেলে। গতকাল রবিবার দিবাগত রাতের কোন এক সময় মুজিবনগর উপজেলার মানিকনগর-নাজিকোনা রোডে লাউগাড়া মাঠে জৈনেক হিসাব এর পুকুরের পাশে আমগাছের সাথে গলাই রশি দিয়ে আত্মহত্যা করে সে।

আত্মহত্যার বিষয়ে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড সদস্য রফিকুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, কি কারনে সে আত্মহত্যা করেছে এটা বলা যাচ্ছে না। তবে তার মাথার সমস্যা ছিল।

ঘটনা সত্যতা স্বীকার করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল মেহেরপুর প্রতিদিনকে বলেন, জাহান আলী রবিবার দিবাগত রাত্রের কোন এক সময় গলায় ফাঁসি দিয়ে আত্মহত্যা করে। পরিবারের কোন অভিযোগ না থাকায় এবং তার মাথায় কিছুটা সমস্যা থাকার কারণে ময়নাতদন্ত ছাড়াই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে ।

এ সময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন।

আলমডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে বৃদ্ধর আত্ম*হত্যা

আলমডাঙ্গার কুমারী জাহাঙ্গীর আলম নামের বৃদ্ধ গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।

ঘটনাটি শনিবার সকাল ৯টার দিকে ঘটেছে। এঘটনায় নিহত বৃদ্ধর ভাই বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি গ্রামের মৃত রওশন আলীর ছেলে জাহাঙ্গীর আলম (৬০)। সে গত কয়েক বছর যাবৎ মানসিক রোগে ভুগছিলো। ইতোপূর্বে জাহাঙ্গীর আত্নহত্যার চেষ্টাও চালায়।

শনিবার সকাল ৯টায় খাবার খেয়ে ঘরে ঢোকে। পরবর্তীতে জাহাঙ্গীরকে ডাকাডাকি করেও দরজা না খুললে দরজা ভেঙে পরিবারের লোকজন প্রবেশ করে। ঘরের মধ্যে ঝুলন্ত অবস্থায় জাহাঙ্গীরের লাশ উদ্ধার করে। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

এ ঘটনায় জাহাঙ্গীরের ছোট ভাই মন্টু বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করে।

মুজিবনগরে প্রাইভেট কারের ধাক্কায় বৃদ্ধ আহত

মেহেরপুর-মুজিবনগর সড়কের মোনাখালি গ্রামে প্রাইভেট কারের ধাক্কায় আজিল হক (৭০) নামের এক বৃদ্ধ আহত হয়েছেন। আজিল হক মোনাখালি গ্রামের উত্তরপাড়া এলাকার জামাল মালিথার ছেলে।

আজ সোমবার (১ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে এ সড়ক দূর্ঘটনাটি ঘটে। আজিল হক বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তবে তার অবস্থা আশংকাজনক।

প্রত্যক্ষদর্শী ফারুক হোসেন বলেন, আজিল হক রাস্তার পাশ দিয়ে বাইসাইকেল চড়ে বাজার থেকে বাড়ি ফিরছিলেন। এসময় মেহেরপুর থেকে মুজিবনগর গামী একটি প্রাইভেট কার বিপরীত থেকে আসা অপর একটি মোটরসাইকেল আরোহীকে বাঁচাতে গিয়ে বাইসাইকেল আরোহী আজিল উদ্দীনকে ধাক্কা দেয়। আজিল উদ্দীন ও বাইসাইকেলটিকে প্রাইভেট কারের সামনের বাম্পারের সাথে তুলে টেনে হিচড়ে নিয়ে চলে যায়। এসময় বাইসাইকেলটির ধাক্কায় প্রাইভেট কারের সামনের গ্লাস ভেঙ্গে গেছে।

মুজিবনগর থানার এস আই আযম বলেন, দূর্ঘটনা কবলিত প্রাইভেট কারটি

পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এছাড়া আহত আজিল উদ্দীনকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মেহেরপুরে বৃদ্ধকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ!

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে সামছুল ইসলাম (৬৫) নামের এক বৃদ্ধকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে।

শনিবার সকাল ১০ টায় সদর উপজেলার দক্ষিন শালিকা গ্রামে এ ঘটনা ঘটে। সামছুল ইসলাম দক্ষিন শালিকা গ্রামের আরশাদ আলীর ছেলে।

সামছুল ইসলামের ছেলে পল্লী চিকিৎসক আব্দুস সামাদ বলেন, জমির সীমানা নিয়ে গত কয়েকদিন যাবৎ প্রতিবেশি শরিফ হালসানা ও তার পরিবারের সদস্যদের সাথে বিরোধ চলে আসছিলো। বিরোধের জেরে শরিফ হালসানার নেতৃত্বে তার সহযোগিরা বাড়িতে এসে প্রথমে আমার পিতাকে মারধর করে পরে শ্বাসরোধ করে হত্যা করে পালিয়ে যায়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ দারা খান বলেন,মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে নেয়া হয়েছে। সামছুল ইসলামের পরিবারের পক্ষ থেকে অভিযোগ দেয়া হলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

এ বিষয়ে সামছুল ইসলামের প্রতিপক্ষ শরিফ হালসানার সাথে কথা বলতে চাইলে তাকে পাওয়া যায়নি।

মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল উদ্দীন জানান,সামছুল ইসলামকে মৃত অবস্থায় হাসপাতালে নেয়া হয়েছিলো। তবে তার শরীরে আঘাতে চিহৃ পাওয়া যায়নী। ময়না তদন্ত শেষে কি কারনে মৃত্যু হয়েছে সেই বিষয়টি নিশ্চিত হওয়া যাবে।